# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**26-05-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ কোয়াড বিদেশ মন্ত্রী পর্যায়ের বৈঠক আজ নতুন দিল্লিতে শেষ হয়েছে।

# বৈঠকে যোগদানকারী দেশগুলি পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করার পাশাপাশি বিশ্বের অন্যান্য দেশের সঙ্গেও সহযোগিতা বৃদ্ধির ওপর জোর দিয়েছে।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের ১২ বছর পূর্তি।

৩/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তিন দিনের সিকিম সফরে আজ গ্যাংটকে পৌঁছেছেন।

৪/ হজ তীর্থ যাত্রার আজ সবচেয়ে পবিত্র আরাফতের দিন।

# বিশ্বের ১৫ লক্ষের'ও বেশী ইসলাম ধর্মাবলম্বী, সৌদি আরবে সমবেত হয়েছেন।

৫/ উত্তরপ্রদেশে আজ দুটি পৃথক সড়ক দুর্ঘটনায় অন্তত দশজন প্রাণ হারিয়েছেন।

৬/ IPL-এর প্লে অফ পর্ব আজ শুরু হচ্ছে।

# প্রথম কোয়ালিফায়ার ম্যাচে রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু, গুজরাট টাইটানসের বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooooo

কোয়াড (Quad) বিদেশমন্ত্রী পর্যায়ের বৈঠক নতুনদিল্লিতে শেষ হয়েছে। বিদেশমন্ত্রী ড. সুব্রমনিয়ম জয়শঙ্কর বৈঠকে সভাপতিত্ব করেন । উপস্থিত ছিলেন মার্কিন বিদেশমন্ত্রী মার্কো রুবিও, অস্ট্রেলিয়ার বিদেশমন্ত্রী পেনি ওং এবং জাপানের বিদেশমন্ত্রী তোশিমিতসু মোতেগি ।

বৈঠকের পর এক যৌথ সাংবাদিক সম্মেলনে ড. জয়শঙ্কর কোয়াড রাষ্ট্রগুলির মধ্যে পারস্পরিক সহযোগিতা জোরদার করার পাশাপাশি অন্য দেশের সঙ্গে সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্ব দেন।

ড. জয়শঙ্কর আরও বলেন, সামুদ্রিক ক্ষেত্রে সহযোগিতা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এর ফলে ওই এলাকায় নজরদারি ও সামগ্রিক পরিস্থিতি সম্পর্কে সজাগ থাকার পাশাপাশি, লজিস্টিকস নেটওয়ার্ক, ইন্টারনেট কেবল, প্রশিক্ষণ, সক্ষমতা বৃদ্ধি এবং মানবিক সহায়তা ও দুর্যোগ মোকাবিলা এবং ত্রাণও পুনর্বাসন কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে।

কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি ভারত-প্রশান্ত মহাসাগরীয় সামুদ্রিক নজরদারি উদ্যোগ এবং সামুদ্রিক ক্ষেত্রে একটি যৌথ কার্যপরিচালনার বিষয়ে একমত হয়েছে। বিদেশমন্ত্রী বলেন, কোয়াড, বন্দর পরিকাঠামো বিষয়ক একটি বিশেষজ্ঞ প্যানেল গঠনের কথা বিবেচনা করবে। ফিজিতে একটি বন্দর প্রকল্প ও সমুদ্রের তলদেশে কেবল নিয়ে যৌথভাবে কাজ করার পরিকল্পনা করা হয়েছে।

Byte- DR S JAISHANKAR

তিনি বলেন, গুরুত্বপূর্ণ খনিজ সংক্রান্ত রূপরেখা বৈঠকে চূড়ান্ত করা হয়েছে। এছাড়া, কোয়াড রাষ্ট্রগুলি 'ভারত-আমেরিকা গুরুত্বপূর্ণ খনিজ রূপরেখা' চুক্তিও স্বাক্ষর করেছে। বিদেশমন্ত্রী আরও বলেন, কোয়াড গোষ্ঠীভুক্ত দেশগুলি সন্ত্রাসবাদ মোকাবিলায় যৌথ ভাবে কাজ করবে।

Byte- DR S JAISHANKAR

প্রযুক্তি, ব্যবস্থাপনা, আন্তর্জাতিক বাজার বিশ্লেষণ এবং জরুরি পরিস্থিতি মোকাবেলার ক্ষেত্রে ভারত-প্রশান্ত মহাসাগরীয় জ্বালানি নিরাপত্তা সংক্রান্ত উদ্যোগের কথাও আজ ঘোষণা করা হয়।

এদিকে, মার্কিন বিদেশমন্ত্রী মার্কো রুবিও বলেন, 'কোয়াড ক্রিটিক্যাল মিনারেলস ফ্রেমওয়ার্ক', খনি ও প্রক্রিয়াকরণ এবং খনিজ পদার্থের পুনর্ব্যবহার সহ অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ খনিজ সরবরাহ শৃঙ্খলকে শক্তিশালী করতে এই চার দেশ বদ্ধ পরিকর। তিনি বলেন, ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জ্বালানি নিরাপত্তার বিষয়ে কোয়াডের এই উদ্যোগ আঞ্চলিক জ্বালানি স্থিতিস্থাপকতাকে আরও শক্তিশালী করতে সাহায্য করবে। তিনি জানান, চলতি বছরের শেষে মার্কিন যুক্তরাষ্ট্র কোয়াড দেশগুলিকে সঙ্গে 'ফুয়েল সিকিউরিটি ফোরাম' সংক্রান্ত এক সম্মেলনের আয়োজন করবে।

Byte- MARCO RUBIO

অন্যদিকে, জাপানের বিদেশমন্ত্রী তোশিমিতসু মোতেগি বলেন, হরমুজ প্রণালীতে মুক্ত ও নিরাপদ নৌচলাচল নিশ্চিত করার পাশাপাশি পশ্চিম এশিয়ায় স্থিতিশীলতা ফিরিয়ে আনার ক্ষেত্রে কূটনৈতিক প্রচেষ্টার গুরুত্বের ওপর জোর দেওয়া অত্যন্ত প্রয়োজন।

তবে অস্ট্রেলিয়ার বিদেশমন্ত্রী পেনি ওং বলেছেন, কোয়াড দেশগুলি জ্বালানি নিরাপত্তা এবং গুরুত্বপূর্ণ খনিজ সহ বেশ কয়েকটি ক্ষেত্রকে এগিয়ে নিয়ে যাওয়ার পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি জোর দিয়ে বলেন, নিরাপদ ও নির্ভরযোগ্য সরবরাহ শৃঙ্খল অর্থনৈতিক ও কৌশলগত স্থিতিশীলতার জন্য বিশেষ গুরুত্বপূর্ণ।

oooooooooooooooooooooo

ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র আজ গুরুত্বপূর্ণ খনিজ এবং বিরল মৃত্তিকা উপাদান সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর করেছে। এর ফলে, নিরাপদে গুরুত্বপূর্ণ খনিজ সরবরাহ, খনি থেকে উত্তোলন এবং প্রক্রিয়াকরণ নিশ্চিত করা সম্ভব হবে। নতুনদিল্লিতে ভারতের বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর এবং মার্কিন বিদেশ মন্ত্রী মার্কো রুবিও-র মধ্যে এই চুক্তি সাক্ষরিত হয়।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর সরকারের ১২ বছর পূর্তি উপলক্ষে বলেছেন, জ্ঞান এবং কর্ম যেন সকল দেশবাসীর অনুপ্রেরণা হিসেবে কাজ করে। এক সংস্কৃত শ্লোক উদ্ধৃত করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, প্রকৃত জ্ঞানই দেশ, সমাজ ও সমগ্র মানবজাতির কল্যাণের পথ প্রশস্ত করে।

বিজেপির সর্বভারতীয় সভাপতি নিতিন নবীন বলেন, ২০১৪ সালের এই দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কার্যভার গ্রহণ করার ১২ বছর পূর্তিতে, দেশের আত্মবিশ্বাস এবং সাংস্কৃতিক নবজাগরণ এক ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী হয়েছে। তিনি সমাজ মাধ্যমের এক বার্তায় বলেন, সুশাসন এবং নেশন-ফার্স্ট আদর্শের যাত্রা ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত'-এর মহৎ সংকল্পের এক শক্তিশালী ভিত্তিপ্রস্তর স্থাপন করেছে।

এদিকে, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ নরেন্দ্র মোদী সরকারের ১২ বছর পূর্তিতে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, ভারতের উন্নয়নের যাত্রায় বর্তমান সরকার বিশেষ ভূমিকা নিয়েছে। সমাজ মাধ্যমের এক বার্তায় তিনি বলেন, ২০১৪ সালের ২৬শে মে শ্রী মোদী প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার সঙ্গে সঙ্গেই দেশের শাসনব্যবস্থা, দৃষ্টিভঙ্গি, নেতৃত্ব এবং জাতীয় সংকল্পে এক যুগান্তকারী পরিবর্তনের সূচনা হয়েছিল।

oooooooooooooooooooooo

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান বলেছেন, ভারত বর্তমানে এক রূপান্তরমূলক পর্যায়ের মধ্য দিয়ে যাচ্ছে। তরুণ প্রজন্মের শক্তি, উদ্ভাবনী চিন্তা এবং কঠোর পরিশ্রম ২০৪৭ সালের মধ্যে ‘বিকশিত ভারত’-এর স্বপ্নকে বাস্তবে রূপ দেবে। এক ইংরেজি দৈনিক পত্রিকায় লেখা একটি প্রবন্ধে উপরাষ্ট্রপতি, পরিকাঠামো, শিক্ষা, স্বাস্থ্য পরিষেবা, নারীর ক্ষমতায়ন এবং প্রযুক্তির ক্ষেত্রে দেশের সব সাফল্য তুলে ধরেন। শ্রী রাধাকৃষ্ণান তরুণ প্রজন্মকে দৃঢ় সংকল্প, শৃঙ্খলা এবং সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে দেশ গঠনের দায়িত্ব নেওয়ার আহ্বান জানান। তিনি আরও বলেন, গত এক দশকে ভারত দূরদর্শিতা ও

দৃঢ়তার সঙ্গে কাজ করে চলেছে। তিনি উল্লেখ করেন, বিশ্বজুড়ে চলতি উত্তেজনার মধ্যে দেশের অর্থনীতি আরও শক্তিশালী হচ্ছে।

দেশ গঠনে নারীদের ভূমিকার কথা উল্লেখ করে উপরাষ্ট্রপতি বলেন যে, কৃষি, শিক্ষা, চিকিৎসা, বিজ্ঞান বা মহাকাশ প্রযুক্তিসহ প্রতিটি ক্ষেত্রেই মহিলারা অনেক এগিয়ে গেছেন। ৩ কোটিরও বেশি নারী ‘লাখপতি দিদি’ এবং ‘নমো ড্রোন দিদি’ হয়ে উঠেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশে নির্ভরযোগ্য এবং টেকসই সেমিকন্ডাক্টর ইকোসিস্টেম গড়ে তোলার জন্য সরকার বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করছে। 'সেমিকন ইন্ডিয়া প্রোগ্রাম'-এর আওতায় এখনও পর্যন্ত ১২টি ফ্যাব্রিকেশন ও প্যাকেজিং প্রকল্প এবং সেই সঙ্গে ২৪টি সেমিকন্ডাক্টর ডিজাইন প্রকল্প অনুমোদন করা হয়েছে।

বিনিয়োগকারীদের আস্থা বাড়াতে এবং তাঁদের বিভিন্ন সমস্যার সমাধান করার উদ্দেশ্যে 'ইন্ডিয়া সেমিকন্ডাক্টর মিশন', “ইনভেস্টরস সাপোর্ট” নামে একটি অনলাইন পোর্টাল চালু করেছে। ভারতে বিনিয়োগের পরিকল্পনা করছেন এমন বিনিয়োগকারীদের জন্য এই পোর্টাল, সেমিকন ইন্ডিয়া প্রোগ্রামের অধীনে অনুমোদিত প্রকল্প এবং নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা সংক্রান্ত সমস্ত তথ্য প্রদান করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তিন দিনের সিকিম সফরে আজ গ্যাংটকে পৌঁছেছেন। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান রাজ্যপাল ওম প্রকাশ মাথুর, মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। সফরকালে, রাষ্ট্রপতি মহিলাদের জন্য বিশেষভাবে নিবেদিত ‘পিঙ্ক বাস’ পরিষেবার উদ্বোধন করবেন। এর লক্ষ্য হলো রাজ্যে নিরাপদ ও সহজলভ্য পরিবহন ব্যবস্থার উন্নতি সাধন করা। সিকিমের সমৃদ্ধ পরিবেশগত ঐতিহ্য প্রত্যক্ষ করতে রাষ্ট্রপতি মুর্মু ‘রিজ পার্ক’-এ অবস্থিত ‘অর্কিডারিয়াম’ পরিদর্শন করবেন।

পরে, তাঁর 'নামগিয়াল ইনস্টিটিউট অফ টিবেটোলজি' পরিদর্শনের কথা রয়েছে; প্রতিষ্ঠানটি দুষ্প্রাপ্য পাণ্ডুলিপি ও বৌদ্ধ সাংস্কৃতিক নিদর্শন সংরক্ষণের জন্য সুপরিচিত।

সফরের দ্বিতীয় দিনে, রাষ্ট্রপতি 'নাথুলা পাস' পরিদর্শন করবেন এবং গ্যাংটকে অবস্থিত সিকিম বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে যোগদান করবেন। সফরের শেষ দিনে, রাষ্ট্রপতি মুর্মু সিকিম পুলিশকে 'রাষ্ট্রপতি পুলিশ কালার' (President of India's Police Colour) পদক প্রদান করবেন। এর মধ্য দিয়ে, সিকিম দেশের ১৫তম রাজ্য হিসেবে এই  সম্মাননা অর্জনের গৌরব লাভ করবে।

ooooooooooooooooooooooo

দিল্লিতে প্রতি কেজি কম্প্রেসড ন্যাচারাল গ্যাস (সিএনজি)-এর দাম ২ টাকা বাড়ানো হয়েছে। দিল্লিতে প্রতি কেজি সিএনজি-র দাম দাঁড়িয়েছে ৮৩ টাকা ৯ পয়সা।উল্লেখ্য, পশ্চিম এশিয়ার চলতি উত্তেজনার প্রেক্ষিতে, গত দুই সপ্তাহে দিল্লিতে সিএনজি-র দাম মোট তিনবার বাড়ানো হলো।

ooooooooooooooooooooooo

আজ 'আরাফাতের দিন' (Day of Arafat)—যা বার্ষিক হজ তীর্থযাত্রার সবচেয়ে পবিত্র ও তাৎপর্যপূর্ণ দিন হিসেবে বিবেচিত । সারা বিশ্ব থেকে ১৫ লক্ষেরও বেশি মুসলমান মিনা
থেকে আরাফাত পর্বতের সমভূমিতে সমবেত হয়েছেন, যাতে তাঁরা আল্লাহর কাছে ক্ষমা ও করুণা প্রার্থনা করতে পারেন। হজের মূল আনুষ্ঠানিকতা শুরুর আগে আজ থেকেই হাজিরা মিনায় পৌঁছাতে শুরু করেন। সৌদি আরবে অবস্থিত ভারতীয় দূতাবাস জানিয়েছে যে, এ বছর হজ পালনকারী ১ লক্ষ ৭৫ হাজারেরও বেশি ভারতিয়র  হাজির জন্য ব্যাপক আয়োজন করা হয়েছে। জেদ্দায় ভারতের কনসাল জেনারেল ফাহাদ আহমেদ খান সুরি জানান, মক্কায়
অবস্থিত 'ভারতীয় হজ মিশন' সৌদি কর্তৃপক্ষের সহযোগিতায় হাজিদের আবাসন, যাতায়াত,  পরিবহন এবং চিকিৎসা সেবার বিষয়গুলো দেখছে । ভারতের হজের কোটা

গত বছরের মতোই অপরিবর্তিত রয়েছে; এ বছর ১ লক্ষ ৭৫ হাজার ২৫ জন হাজি হজ পালনের সুযোগ পাচ্ছেন। এদের মধ্যে ১ লক্ষ ২২ হাজার ৫১৮ জন হাজি 'হজ কমিটি অফ ইন্ডিয়া'-র মাধ্যমে হজ পালনে যাচ্ছেন, অন্যদিকে ৫২ হাজার ৫০৭ জন হাজি বেসরকারি ট্যুর অপারেটরদের মাধ্যমে এই পবিত্র তীর্থযাত্রা সম্পন্ন করছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ভারতীয় সেনাবাহিনী, জম্মু ও কাশ্মীর পুলিশ, জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী, রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী এবং প্রশাসনের যৌথ উদ্ধারকারী দল গুলমার্গে কেবল কারে আটকে পড়া ৩০০ জন পর্যটককে সফলভাবে উদ্ধার করেছে। সমাজ মাধ্যমের এক বার্তায় শ্রী সিং, এই অভিযানটি সফলভাবে সম্পন্ন করার জন্য যৌথ দলটির প্রচেষ্টার ভূয়সী প্রশংসা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জম্মু কাশ্মীরে উত্তর বারামুলা জেলার বিখ্যাত পর্যটন কেন্দ্র গুলমার্গে আটকে পড়া গন্ডোলা কেবল কার থেকে প্রায় ৩শো পর্যটককে উদ্ধার করা হয়েছে। জাতীয় ও রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী, গুলমার্গ পুলিশ, স্পেশাল অপারেশন গ্রুপ, জম্মু কাশ্মীর সশস্ত্র সেনা, সেনাবাহিনী ও নিরাপত্তা সংস্থার অন্যান্য শাখা এই উদ্ধার অভিযানে অংশ নেয়। জানা গেছে, গতকাল সকালে কারিগরী ত্রুটির কারণে গুন্ডোলা কেবল কার খারাপ হয়ে যায়। মাঝ আকাশেই ৬৫ টি কেবল কারে আটকে পড়েন প্রায় ৩শো পর্যটক। কিছুক্ষন আগে সকলে নিরাপদে উদ্ধার করা হলে অভিযানের সমাপ্তি ঘটে উপরাজ্যপাল মনোজ সিনহা নিজে গিয়ে পরিস্থিতি পর্যালোচনা করেন। উদ্ধারকাজে নজরদারির জন্য রাজ্য পুলিশের মহানির্দেশক নলীন প্রভাতকে নির্দেশ দেওয়া হয়। মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা জানিয়েছেন, সরকার পরিস্থিতির ওপর নিবিড় নজর রেখেছিল। পর্যটকদের নিরাপত্তা সুনিশ্চিত করাই সরকারের মূল লক্ষ্য বলে জানানো হয়েছে। ঘটনায় তদন্তের নির্দেশ দিয়েছেন তিনি। জানিয়েছেন, কারও কোনও গাফিলতি থাকলে ব্যবস্থা নেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরপ্রদেশে আজ দুটি পৃথক সড়ক দুর্ঘটনায় অন্তত দশজন নিহত হয়েছেন। উন্নাও জেলার কাছে আগ্রা-লক্ষ্ণৌ এক্সপ্রেসওয়েতে গোরাখপুর গামী একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেলে ছয়জন প্রাণ হারিয়েছেন। আহত দশজনের বেশি মানুষ। আহত যাত্রীদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে গুরুতর আহতদের লক্ষ্ণৌ ট্রমা সেন্টারে স্থানান্তরিত  করা হয়েছে।

অন্য একটি ঘটনায় , বারাবাঁকি জেলার কাছে পূর্বাঞ্চল এক্সপ্রেসওয়েতে চারজন নিহত হয়েছেন। পুলিশ জানিয়েছে, তাঁদের গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তায় দাঁড়িয়ে থাকা একটি গাড়িকে ধাক্কা দেয়। দুই দুর্ঘটনারই তদন্ত শুরু করেছে পুলিশ। বিজেপি সভাপতি নিতিন নবীন এই দুর্ঘটনায়  গভীর শোক প্রকাশ করেছেন । সমাজ মাধ্যমের এক পোস্টে তিনি  শোকসন্তপ্ত পরিবারদের  গভীর সমবেদনা জানান এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন।

ooooooooooooooooooooooooo

মার্কিন বিদেশমন্ত্রী মার্কো রুবিও এবং রাশিয়ার বিদেশমন্ত্রী সের্গেই লাভরভ ফোনে বার্তালাপ করেছেন। মার্কিন বিদেশ দপ্তরের মুখপাত্র টমি পিগট জানিয়েছেন, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও ইরান পরিস্থিতি নিয়ে মতামত বিনিময় করেন তাঁরা। অন্যদিকে, রাশিয়ার বিদেশমন্ত্রী সের্গেই লাভরভ বলেছেন, রাশিয়ার শান্তিপূর্ণ জনগণ এবং অসামরিক স্থাপনায় ওপর কিয়েভের ক্রমাগত হামলার জবাবেই সেখানকার বিভিন্ন জায়গায় হামলা চালানোর সিদ্ধান্ত নিয়েছে রাশিয়া। লাভরভ মার্কিন যুক্তরাষ্ট্রকে সহ অন্যান্য দেশগুলিকে ইউক্রেনের রাজধানী থেকে তাদের কূটনীতিকদের সরিয়ে নেওয়ার পরামর্শ দিয়েছেন।

oooooooooooooooooooooooo

IPL-এর প্লে অফ পর্ব আজ শুরু হচ্ছে। প্রথম কোয়ালিফায়ার ম্যাচে রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু, গুজরাট টাইটানসের বিরুদ্ধে খেলবে। ধরমশালায় খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই ১৪ ম্যাচে ১৮ পয়েন্ট সংগ্রহ করে। গতবারের চ্যাম্পিয়ন

রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু নেট রান রেটে এগিয়ে থাকায় লিগ পর্ব শীর্ষ স্থানে থেকে শেষ করে। এই ম্যাচে যে দল জয়ী হবে, তারা সরাসরি ফাইনালে পৌঁছে যাবে।

পরাজিত দল শুক্রবার নিউ চন্ডীগড়ে দ্বিতীয় কোয়ালিফায়ার ম্যাচে এলিমিনেটর ম্যাচের জয়ী দলের বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo